

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ দাঁত (ও অন্যান্য) পরিষ্কার করার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

হাত

পুরুষের জন্য কোন সময় হাত-পায়ে কোন রঙ ব্যবহার করা বৈধ নয়; বিবাহের সময়ও নয়। কারণ রঙ হল মহিলার জন্য।

উল্লেখ্য যে, বিবাহের সময় পুরুষের হাতে মেহেদী লাগানো মহিলাদেরই সাদৃশ্য অবলম্বন।

সৌন্দর্যের জন্য নয়; বরং টাইম দেখার জন্য হাতে ঘড়ি বাঁধা বৈধ। যে হাতে ঘড়ি নিরাপদে থাকবে এবং ঝাঁকুনি কম লাগবে সেই হাতে বেঁধে রাখা দোষাবহ নয়। যেহেতু রসূল (ﷺ) এর যুগে ঘড়ি ছিল না, সেহেতু তা ডান হাতে বাঁধা সুন্নাত -এ কথা বলা যায় না।

সতর্কতার বিষয় যে, যে ঘড়ি আংশিক অথবা পূর্ণরূপে সোনার তৈরী (তা পুরুষের জন্য) এবং যে ঘড়িতে কোন বিজাতির প্রতীক অথবা মূর্তি থাকে সে ঘড়ি ব্যবহার করা বৈধ নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7862

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন